76

তারিখ ... 16 MAY 1997 ...
পৃষ্ঠা ১২ কলাম ১ ...

দৈনিক ইনকিলাব

## ভিসির সাথে ছাত্র নেতাদের বৈঠক প্রক্টরের উপস্থিতির প্রতিবাদে ছাত্র দলের ওয়াকআউট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ডাকসু নির্বাচন প্রশ্নে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির সাথে অনুষ্ঠিত ছাত্র নেতৃবৃন্দের বৈঠক ছাত্র দল বর্জন করেছে। বৈঠকে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের উপস্থিতির প্রতিবাদে ছাত্র দল বৈঠকের শুরুতেই ওয়াকআউট করে। ফলে বৈঠকে তেমন কোন সিদ্ধান্ত হয়নি। ভিসি বলেছেন, তিনি আবারও ছাত্র নেতাদের সাথে ডাকসু প্রসঙ্গে আলোচনায় বসবেন।

এদিকে ওয়াকআউটের আগে ছাত্র দল সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ক্যাম্পাসে সন্ত্রাসের মদদদাতা, সন্ত্রাসীদের আশ্রয়দাতা। ছাত্র দল এই প্রক্টরের পদত্যাগ চায় এবং প্রক্টর উপস্থিত থাকলে ছাত্র দল বৈঠকে থাকবে না। কিন্তু ভিসি প্রক্টরের উপস্থিতিতেই ছাত্র দলকে বৈঠকে অংশ নিতে বললে ছাত্র দল নেতারা বৈঠক থেকে বেরিয়ে যান।

TION AND STATISTICS
SHEET — OF — SHEETS
3. SYSTEM